

F3/6

স্বাক্ষর

০২/১/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-১৪

নং শিম/শাঃ১৪/বিবিধ-৮/২০০৫/২২

তারিখঃ ০৬/০১/২০১০

বিষয়ঃ দেশের সরকারী ও বে-সরকারী (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলীম, ফাজিল ও কামিল) মাদ্রাসা সমূহের ২০১০ শিক্ষাবর্ষের ছুটির প্রস্তাব ও শিক্ষাপঞ্জী অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ মাউশি অধিদপ্তরের স্মারক নং-ও এম/৭৯৯ বিঃ/২০০৪/০০০০২ বিঃ তাং-০৩/০১/২০১০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারী ও বেসরকারী (স্বতন্ত্র এবতেদায়ী, দাখিল, আলীম, ফাজিল ও কামিল) মাদ্রাসা সমূহের ২০১০ শিক্ষাবর্ষের ছুটির প্রস্তাব ও শিক্ষাপঞ্জী সরকার নিম্নোক্তভাবে অনুমোদন করেছে :

ক্রমিক নং	উপলক্ষ	তারিখ	দিন
০১	* আখেরী চাহার সোবা	১০ ফেব্রুয়ারী, বুধবার	১ দিন
০২	শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	২১ ফেব্রুয়ারী, শনিবার	১ দিন
০৩	*ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ)	২৭ ফেব্রুয়ারী, শনিবার	১ দিন
০৪	জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস	১৭ মার্চ, বুধবার	১ দিন
০৫	স্বাধীনতা ও জাতীয় দিবস	২৬ মার্চ, শুক্রবার	০০ দিন
০৬	*ফাতেহা-ই-ইরাজুদাহম	২৮ মার্চ, রবিবার	১ দিন
০৭	বাংলা নববর্ষ	১৪ এপ্রিল, বুধবার	১ দিন
০৮	মে দিবস	১মে-শনিবার	১ দিন
০৯	গ্রীষ্মকালীন অবকাশ ও * বৌদ্ধ পূর্ণিমা (বৈশাখী পূর্ণিমা)	২২ মে শনিবার হতে ০৭ জুন, সোমবার	১৫ দিন
১০	*মিরাজুন্নবী (সাঃ)	১০ জুলাই, শনিবার	১ দিন
১১	*শব-ই-বরাত	২৮ জুলাই, বুধবার	১ দিন
১২	*পবিত্র মাহে রমজান, জাতীয় শোক দিবস, জুমুআতুল বিদা, *শবে-ই-কদর ও *ঈদুল ফিতর	১০ আগষ্ট, মঙ্গলবার থেকে ১৯ সেপ্টেম্বর, রবিবার	৩৫ দিন
১৩	দুর্গা পূজা	১৭ অক্টোবর, রবিবার	১ দিন
১৪	*ঈদুল আযহা	১৫ নভেম্বর সোমবার থেকে ২৩ নভেম্বর মঙ্গলবার	৮ দিন
১৫	* হিজরী নববর্ষ	৯ ডিসেম্বর, বুধসপ্ততিবার	১ দিন
১৬	শীতকালীন অবকাশ, বিজয় দিবস, *আতরা ও বড়দিন	১৬ ডিসেম্বর বুধসপ্ততিবার থেকে ২৫ ডিসেম্বর শনিবার	৮ দিন
১৭	প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি		৩ দিন
		মোট=	৮০ দিন

• চাঁদ দেখার উপর নির্ভরশীল


পরীক্ষার সময়সূচি-২০১০ খ্রিঃ

পরীক্ষার নাম	তারিখ
প্রথম সাময়িক পরীক্ষা	ঃ ১৭/০৪/২০১০ শনিবার থেকে ২৯/০৪/২০১০ বুধসপ্ততিবার
দ্বিতীয় সাময়িক পরীক্ষা ও প্রাক নির্বাচনী পরীক্ষা	ঃ ২৫/০৭/২০১০ রবিবার থেকে ০৯/০৮/২০১০ সোমবার
বার্ষিক পরীক্ষা	ঃ ০১/১২/২০১০ বুধবার থেকে ১৫/১২/২০১০ বুধবার

চলমান পাতা-২

স্বাক্ষর

- (১) শিক্ষাবর্ষ হবে ১ জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর ২০১০ খ্রিঃ পর্যন্ত। ১ম কর্মদিবস অর্থাৎ ২ জানুয়ারী থেকেই ক্লাশ শুরু হবে।
- (২) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার গুণগত মান বৃদ্ধিকল্পে উল্লিখিত পরীক্ষার সময়সূচি মোতাবেক সাময়িক পরীক্ষার গ্রহণ নিশ্চিত করবে এবং বার্ষিক পরীক্ষার উত্তরপত্র অন্তত ১ (এক) বছর সংরক্ষণ করবে। প্রতি পরীক্ষার সময়কাল ১২ দিনের বেশি হবে না।
- (৩) মাদ্রাসা কর্তৃপক্ষ স্ব-স্ব মাদ্রাসার পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোন অবস্থাতেই বাহির থেকে ক্রয় করা প্রশ্নে পরীক্ষা নেয়া যাবে না।
- (৪) পরীক্ষার নির্ধারিত তারিখ পরিবর্তন করা যাবে না। তবে কোন বিশেষ কারণে পরীক্ষার তারিখ পরিবর্তন করতে হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পূর্বনুমতি গ্রহণ করতে হবে।
- (৫) সাপ্তাহিক ছুটি (শুক্রবার) ব্যতিত বছরের মোট ছুটি ৮০ দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক যে সকল দিনকে সাধারণ ছুটি এবং নির্বাহী আদেশে সরকারি ছুটি বলে ঘোষণা করা হবে সে সকল দিন উক্ত ৮০ দিনের অন্তর্ভুক্ত হবে।
- (৬) কোন সরকারি কর্মকর্তার পরিদর্শন উপলক্ষে মাদ্রাসা ছুটি দেয়া যাবে না।
- (৭) ছুটিকালীন সময়ে অনুষ্ঠিতব্য ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।
- (৮) উপবৃত্তি, ভর্তি পরীক্ষা, প্রাথমিক সমাপনী/জুনিয়র বৃত্তি পরীক্ষা ইত্যাদির প্রয়োজনে মাদ্রাসা খোলা রাখতে হবে।
- (৯) পরীক্ষার সময় পরীক্ষার কেন্দ্র ব্যতীত অন্যান্য মাদ্রাসাসমূহে যথারীতি শ্রেণী কার্যক্রম চালু থাকবে।
- (১০) পরীক্ষার সময় পরীক্ষা কেন্দ্রসমূহে যে সব দিনে পরীক্ষা অনুষ্ঠিত হবে না, ঐ সব দিনে যথারীতি শ্রেণী কার্যক্রম চালু থাকবে।
- (১১) সংবর্ধনা/পরিদর্শন উপলক্ষে শিক্ষার্থীদের ক্লাশ বন্ধ করা যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির সম্মান প্রদর্শনের লক্ষে শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না।
- (১২) শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, বিজয় দিবসসহ অন্যান্য জাতীয় দিবসে প্রতিষ্ঠানের ক্লাসসমূহ বন্ধ থাকবে কিন্তু সংশ্লিষ্ট দিবসের বিষয় ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে বিদ্যালয়ে দিবসটি উদ্‌যাপন করতে হবে।


(এ. কে. মফিজুল হক)
উপ-সচিব (মাদ্রাসা)
☎ ৭১৬৪৭৫০

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।